# বাংলাদেশ চা বোর্ড

প্রধান কার্যালয়

১৭১-১৭২ বায়েজিদ বোস্তামী রোড

নাসিরাবাদ, চট্টগ্রাম


স্মারক নং-২৬.০৯.০০০০.১০১.১১.০০১.১৭-৩৬৩ তারিখ: ২২ মে ২০১৮ খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাণিজ্য মন্ত্রণালয়ের ২০ মে ২০১৮ তারিখের ২৬.০০.০০০০.০৯০.১১.০৪১.১১ (অংশ-১)-১৬৩ নং ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ চা বোর্ড, প্রধান কার্যালয়, চট্টগ্রাম এ নিম্নবর্ণিত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য যোগ্য এবং প্রকৃত বাংলাদেশী নাগরিকগণের কাছ থেকে দরখাস্ত আহবান করা হচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতাসহ অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|
| ০১ | উপ-পরিচালক (হিসাব ও অর্থ)<br>বাংলাদেশ চা বোর্ড, প্রধান কার্যালয়, চট্টগ্রাম।<br>বেতন স্কেল: ৪৩,০০০-৬৯৮৫০ (গ্রেড: ৫) | ০১ (এক)টি | বাণিজ্যে সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রী এবং উভয় ক্ষেত্রে কমপক্ষে ২য় শ্রেণীসহ কোন সরকারী/আধা-সরকারী বা স্বায়ত্বশাসিত সংস্থায় প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা পদে ১০ বছর চাকুরীর অভিজ্ঞতা (৫ বছরের অভিজ্ঞতাসহ চাটার্ড একাউন্টেন্ট বা সরকার স্বীকৃত কোন হিসাব ইনষ্টিটিউটের সহযোগী সদস্যকে অগ্রাধিকার দেয়া হবে)। |
| ০২ | অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর<br>বাংলাদেশ চা বোর্ড, প্রধান কার্যালয়, চট্টগ্রাম।<br>বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০ (গ্রেড:১৬) | ০৪ (চার)টি | বাংলা ও ইংরেজী শব্দ টাইপিং এ যথাক্রমে ১৫ ও ২০ গতি সম্পন্ন (প্রতি মিনিটে) এবং এইচ এস সি পাশ হতে হবে। |
| ০৩ | গাড়ীচালক<br>বাংলাদেশ চা বোর্ড, প্রধান কার্যালয়, চট্টগ্রাম।<br>বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০ (গ্রেড:১৬) | ০২ (দুই)টি | সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হতে ভারী/মধ্যম ড্রাইভিং লাইসেন্স প্রাপ্ত। কোন সরকারী অথবা স্বায়ত্ব শাসিত অথবা প্রতিষ্ঠিত বাণিজ্যিক প্রতিষ্ঠানে ড্রাইভিং কাজে অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৪ | অফিস সহায়ক (এমএলএসএস)<br>বাংলাদেশ চা বোর্ড, প্রধান কার্যালয়, চট্টগ্রাম।<br>বেতন স্কেল: ৮২৫০-২০০১০ (গ্রেড:২০) | ০২ (দুই)টি | ৮ম শ্রেণী পাশ হতে হবে এবং সেই সাথে সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। |
| ০৫ | নিরাপত্তা প্রহরী (গার্ড)<br>বাংলাদেশ চা বোর্ড, প্রধান কার্যালয়, চট্টগ্রাম।<br>বেতন স্কেল: ৮২৫০-২০০১০ (গ্রেড:২০) | ০১ (এক)টি | ৮ম শ্রেণী ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। সামরিক বাহিনীর অবসর প্রাপ্ত সিপাই পদের কর্মচারীদের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে। |
| ০৬ | পরিচ্ছন্নতা কর্মী (সুইপার)<br>বাংলাদেশ চা বোর্ড, প্রধান কার্যালয়, চট্টগ্রাম।<br>বেতন স্কেল: ৮২৫০-২০০১০ (গ্রেড:২০) | ০১ (এক)টি | ৮ম শ্রেণী পাশ হতে হবে এবং সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসহ সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। |

**শর্তাবলীঃ**

০১। চাকরির আবেদন ফরম বাংলাদেশ চা বোর্ডের ওয়েবসাইট: teaboard.portal.gov.bd-এ পাওয়া যাবে। প্রার্থীদের চাকরির নির্ধারিত আবেদন ফরমের নির্দেশ অনুযায়ী প্রয়োজনীয় তথ্য-উপাত্ত প্রদান করতে হবে। অসম্পূর্ণ তথ্য সম্বলিত আবেদন বাতিল বলে গণ্য হবে। আবেদনের সাথে সংযুক্ত কোন কিছুই ফেরৎযোগ্য নয়।

০২। চাকরির আবেদন ফরমের সাথে অবশ্যই ক) চাকরির প্রার্থীর সদ্য তোলা ৪ (চার) কপি ৫×৫ সে. মি. সাইজের রঙ্গিন ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে (প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত হতে হবে); এবং খ) সচিব, বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম এর অনুকূলে ১ নং ক্রমিকের পদের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা এবং ২-৬ নং ক্রমিকের পদসমূহের জন্য ১০০/- (একশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার(অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর নম্বর ও তারিখ এবং তা ইস্যুকৃত ব্যাংক শাখার নাম আবেদন ফরমে উল্লেখ করতে হবে।

০৩। নিয়োগের ক্ষেত্রে কোটা সংরক্ষণ সংক্রান্ত সরকারী নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হবে।

০৪। ০১ নং ক্রমিকে উল্লেখিত পদে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন এবং ০২-০৬নং ক্রমিকের পদসমূহের জন্য নরসিংদী, ফরিদপুর রাজবাড়ী, গোপালগঞ্জ, মাদারীপুর, কক্সবাজার, বান্দরবান, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, নোয়াখালী, ফেনী, লক্ষ্মীপুর, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, দিনাজপুর, নীলফামারী, কুড়িগ্রাম, গাইবান্ধা, লালমনিরহাট, বাগেরহাট, ঝিনাইদহ, নড়াইল, বরিশাল ও বরগুনা জেলা ব্যতিত অন্য সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

০৫। ০১ নং ক্রমিকে উল্লেখিত পদে প্রার্থীদের বয়স ২৪/০৬/২০১৮ তারিখে অনুর্ধ ৪০ বছর হতে হবে। ০২-০৬নং ক্রমিকের পদসমূহের প্রার্থীদের বয়স ২৪/০৬/২০১৮ তারিখে অনুর্ধ ৩০ বছর হতে হবে তবে মুক্তিযোদ্ধা ও ক্ষুদ্র নৃ গোষ্ঠী প্রার্থীদের নিয়োগের ক্ষেত্রে সরকার নির্ধারিত সর্বোচ্চ বয়স সীমা প্রযোজ্য হবে।

০৬। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় আবেদনে উল্লিখিত সকল কাগজপত্রের মূল কপি সঙ্গে আনতে হবে এবং সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) এর কপি, প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রার্থীর নিজ জেলা উল্লেখপূর্বক প্রদত্ত নাগরিকত্ব সার্টিফিকেট এর কপি, জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন সনদপত্র এর কপি ও সকল সনদপত্র ও কাগজপত্রের কপি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি জমা দিতে হবে।

০৭। বিদেশি বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রির ক্ষেত্রে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট অবশ্যই জমা দিতে হবে।

০৮। মুক্তিযোদ্ধা কোটা দাবীর ক্ষেত্রে প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্রসংখ্যা ০৩.০৭৭.০১.০৪৬.০০.০৪.২০১০-৩৫৬, তারিখ ৭-১১-২০১০ মোতাবেক প্রত্যয়নপত্র জমা দিতে হবে।

০৯। চাকরির আবেদন সচিব, বাংলাদেশ চা বোর্ড, প্রধান কার্যালয়, ১৭১-১৭২, বায়েজিদ বোস্তামী সড়ক, নাসিরাবাদ, চট্টগ্রাম-৪২১০, এই ঠিকানায় আগামী ২৪/০৬/২০১৮ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে পৌছাতে হবে। উক্ত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

১০। চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যেই তাদের আবেদন পৌছাতে হবে। কোন অগ্রিম কপি গৃহীত হবে না।

১১। প্রার্থী যে পদের জন্য আবেদন করবেন সে পদের নাম খামের উপরে লিখতে হবে।

১২। এই বিজ্ঞপ্তি প্রকাশের কারণে লিখিত/মৌখিক পরীক্ষা গ্রহণে কর্তৃপক্ষ বাধ্য নয়। এক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩। বাংলাদেশ চা বোর্ড নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাবলী সংশোধন/ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৪। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ./ডি.এ. প্রদান করা হবে না।

১৫। আবেদনকারীর নাম ও আবেদন পত্রে উল্লিখিত বর্তমান ঠিকানা লিপিবদ্ধ করে ১০/- টাকার ডাকটিকেট সম্বলিত ১০"×৪.৫" মাপের একটি ফেরত খাম আবেদনের সঙ্গে প্রেরণ করতে হবে।

১৬। যে কোন প্রকারের তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

চেয়ারম্যান
বাংলাদেশ চা বোর্ড
এর পক্ষে সচিব

F:\Silver Spoon\Man Power\Recruitment\2018\Part-2\job advertisment.docx